

## 💵 শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৫৪. লজ্জাশীলতা

সালিম ইবনে আবদুল্লাহ্ ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ (সা.) দেখলেন, এক ব্যক্তি তার ভাইকে লাজুক স্বভাবের জন্য তিরস্কার করছে, তিনি তাকে লক্ষ্য করে বললেন,

دعه فإن الحياء من الإيمان

'তাকে ছেড়ে দাও। মনে রেখো লজ্জা ঈমানের অংশ।[১]

ইমরান ইবনে হুসাইন (রাঃ) থেকে বর্ণিত হয়েছে, আল্লাহর রাসূল (সা.) বলেছেন,

الْحَيَاءُ لاَ يَأْتِي إِلاَّ بِخَيْرِ

'লজ্জাশীলতা (শুধু) কল্যাণ ছাড়া আর কিছুই নিয়ে আসে না।"[২]

আবু সাঈদ খুদরী (রাঃ) বলেছেন,

كان رسول الله صلى الله عليه وسلم أشدَّ حياءً مِن العذراء في خدرها وكان إذا كره شيئًا عرفه الصَّحابة في وجهه

রাসূলুল্লাহ্ (সা.) কুমারী মেয়ের চেয়েও লাজুক ছিলেন। যখন তিনি কোনো কিছু অপছন্দ করতেন তখন আমরা তাঁর চেহারা দেখেই বুঝতে পারতাম।[৩]

সহীহ আল বুখারীতে ইবনু মাসউদ (রাঃ) বর্ণিত হাদীসে বলা হয়েছে, নবী করীম (সা.) বলেছেন,

إِنَّ مِمَّا أَذرَّك الناس من كلام اللبؤة الأولى إذا لَمْ تَسْتَح فاضنغ ما شئت

'আগের নবীগণ মানুষকে শিষ্টাচার শেখানোর যেসব কথা বলতেন, তার প্রথম কথাই ছিলো- যদি তোমার শরমই না থাকে তাহলে তুমি যা খুশী তাই করতে পার।[8]

## ফুটনোট

- [১]. সহীহ আল বুখারী; সহীহ, মুসলিম।
- [২]. বাইহাকী।
- [৩]. সহীহ আল বুখারী; সহীহ মুসলিম; বাইহাকী।



## [8]. সহীহ্ আল বুখারী।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12352

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন